



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৬৪৪৬

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/৪৯৬/৫

তারিখঃ ১৬/১০/২০১৬খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১০৪১৪/২০১৬ এ প্রদত্ত ০৬-০৯-২০১৬খ্রিঃ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসার সুপার জনাব মোঃ আবু ইউসুফ খাঁন মহামান্য হাইকোর্ট বিভাগে “চূড়ান্ত বরখাস্তকরণ আদেশ বাতিল এবং স্ব-পদে পুনর্বহাল” সংক্রান্ত বিষয়ে রিট পিটিশন নং- ১০৪১৪/২০১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ০৬-০৯-২০১৬খ্রিঃ তারিখে জনাব মোঃ আবু ইউসুফ খাঁন কর্তৃক ১৩/০৭/২০১৬খ্রিঃ তারিখে বোর্ডে দাখিলকৃত “চূড়ান্ত বরখাস্তকরণ আদেশ বাতিল এবং স্ব-পদে পুনর্বহাল” সংক্রান্ত আবেদন ০১ (এক) মাসের মধ্যে নিষ্পত্তির জন্য আদেশ প্রদান করেছেন (আবেদনের কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক জনাব মোঃ আবু ইউসুফ খাঁন কর্তৃক ১৩/০৭/২০১৬খ্রিঃ তারিখে বোর্ডে দাখিলকৃত আবেদনের বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র আগামী ০৭ (সাত) দিনের মধ্যে ম্যানেজিং কমিটিকে সভাপতির মাধ্যমে ও ভারপ্রাপ্ত সুপারকে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।



মোঃ নজমুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

ও
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৫৮৬১০২০২

- প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা
নাঙ্গলকোট, কুমিল্লা।
২) সুপার (ভারপ্রাপ্ত), দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা, নাঙ্গলকোট, কুমিল্লা।

অনুলিপিঃ

১. জনাব মোঃ আবু ইউসুফ খাঁন, সুপার, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা, নাঙ্গলকোট, কুমিল্লা।
২. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অফিস কপি।